



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ |
www.bb.org.bd

এসএমই এভ স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-৩

তারিখ: ৩০ অক্টোবর ২০১৭
১৫ কার্তিক ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান।

কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের চলতি খণ্ড মঞ্জুর এবং স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী
খণ্ড আদায়ের ক্ষেত্রে গ্রেস পিরিয়ড প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাত দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম একটি চালিকা শক্তি। দারিদ্র্য বিমোচন, ধনী-দরিদ্র ও আঞ্চলিক বৈষম্য কমানো, নারী-পুরুষের সমতা বিধান ও নারীর ক্ষমতায়ন সর্বোপরি অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এ খাত ব্যাপক ভূমিকা রাখছে।

কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাগণ শিল্প, সেবা ও ব্যবসা খাতে চলতি মূলধনের চাহিদা পূরণে চলমান খণ্ড; ব্যবসায় সম্প্রসারণ, সংস্কার কিংবা নতুন ধরনের ব্যবসা শুরুর জন্য স্বল্প মেয়াদী প্রকল্প খণ্ড, মধ্যম এবং দীর্ঘ মেয়াদী খণ্ড গ্রহণ করে থাকে। গ্রাহকের চাহিদা ও ব্যবসায়িক প্রয়োজনীয়তার নিরিখে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে যৌক্তিক সময়ের জন্য গ্রেস পিরিয়ড প্রদানের বিধান আছে যা পুনঃঅর্থায়ন সংক্রান্ত ০৭/০১/২০১৬ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর ২.৯ অনুচ্ছেদ অনুযায়ী পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রেও বিবেচনা করা হয়ে থাকে। ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রাতর্ষান কর্তৃক কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের গ্রাহক পর্যায়ে বিশেষ করে নারী উদ্যোক্তাদের খণ্ড বিতরণে উদ্যোক্তার ব্যবসায়িক প্রয়োজনীয়তা যথাযথভাবে নিরূপণ না করা এবং তাদের চাহিদা অনুযায়ী খণ্ডের কিণ্টি পরিশোধের জন্য নির্ধারিত গ্রেস পিরিয়ড প্রদানে অনীহা প্রদর্শনের বিষয়টি পরিলক্ষিত হচ্ছে।

দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ব্যবসা-বাণিজ্য ও উৎপাদনশীল শিল্পে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তা বিশেষ করে নারী উদ্যোক্তাদেরকে অধিকহারে উৎসাহিত করতে উৎসাহের প্রকৃতির সাথে সামঞ্জস্য রেখে উদ্যোক্তার চলতি মূলধনের চাহিদা পূরণে চলমান খণ্ড মঞ্জুর অব্যাহত রাখার এবং ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ০১ বছর মেয়াদী খণ্ডের ক্ষেত্রে ০৩ মাস এবং মধ্যম ও দীর্ঘ মেয়াদী খণ্ডের ক্ষেত্রে ০৩/০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদানের বিষয়টি আবশ্যিকভাবে পরিপালন করতে হবে। এক্ষেত্রে গ্রেস পিরিয়ড খণ্ডের মেয়াদের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

অনুচ্ছেদপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(শেখ মোঃ সলিম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৫০২

ই-মেইল: shaikh.salim@bb.org.bd